# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা।

## অগ্রণী ব্যাংক কর্পোরেট গ্যারান্টির আওতায় ঋণ গ্রহণের আবেদন পত্র আহ্বান (ফেজ-৩, ১১-তম ধাপ)

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও জাবি স্কুল কলেজের শিক্ষকদের মধ্যে অগ্রণী ব্যাংক লিঃ, জাবি শাখা হতে কর্পোরেট গ্যারান্টির বিপরীতে Revolving Loan হোলসেল সাধারণ গৃহ-নির্মাণ ঋণ ফেজ-৩ এর ১১-তম ধাপে বিতরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ঋণ গ্রহণে আগ্রহী শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও জাবি. স্কুল কলেজের শিক্ষকগণকে এ ঋণ কর্মসূচির আওতায় বিশ্ববিদ্যালয় শিক্ষকগণকে সর্বোচ্চ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা, কর্মকর্তা ও জাবি স্কুল কলেজ শিক্ষকগণকে সর্বোচ্চ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা, তৃতীয় শ্রেণীর কর্মচারীদের জন্য সর্বোচ্চ ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা এবং চতুর্থ শ্রেণীর কর্মচারীদের জন্য সর্বোচ্চ ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা ঋণ প্রদান করা হবে। আবেদনকারীর ঋণের আবেদন উপরোল্লিখিত সর্বোচ্চ সীমার মধ্যে হতে হবে। সর্বমোট ১৮০ (একশত আশি) কিস্তিতে ০.৩০% সার্ভিস চার্জ (এককালীন) এবং ৯% সুদে {৯% ব্যাংক সুদ+(০.৩০% বিশ্ববিদ্যালয়ের সার্ভিস চার্জ এককালীন)} এই ঋণের টাকা পরিশোধযোগ্য [ব্যাংক সুদের হার পরিবর্তন হতে পারে]।

সিন্ডিকেট কর্তৃক অনুমোদিত নীতিমালায় উল্লিখিত শর্তানুযায়ী আবেদনকারীকে ঋণ গ্রহণ ও পরিশোধ করতে হবে। টেকহোম স্যালারির ভিত্তিতে আবেদনকারীগণকে ঋণ মঞ্জুর করা হবে।

এই ঋণের জন্য আবেদনকারীর নিয়মিত চাকুরীকাল (গণনাকৃত বহিস্থ চাকুরিসহ) অবশ্যই পেনশন প্রাপ্যতার যোগ্য হতে হবে এবং চাকুরীতে স্থায়ী হতে হবে। অবসর প্রস্তুতিমূলক ছুটির পূর্ব পর্যন্ত ঋণের আবেদন করতে পারবেন।

বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (http:/juniv.edu/office/registrar-office) হতে ডাউনলোড করে নির্ধারিত আবেদন ফরম পূরণ করে স্ব-স্ব অফিস/বিভাগীয় প্রধানের মাধ্যমে আগামী ২০-০৮-২০২০ তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিসে জমা দিতে হবে।

আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের সাথে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি অঙ্গীকারনামা/ চুক্তিপত্র সংযুক্ত কপি অনুযায়ী সম্পাদন করতে হবে। এই ঋণের অর্থ দিয়ে বাড়ী তৈরী, বাড়ী ক্রয় অথবা বাড়ী মেরামত করা হবে মর্মে অঙ্গীকার করতে হবে। ঋণ গ্রহীতা নিজ দায়িত্বে অঙ্গীকারনামা/চুক্তিপত্র নন-জুডিশিয়াল স্ট্যাম্পে মুদ্রিত আকারে যথাস্থানে স্বাক্ষর করতঃ সরবরাহ করবেন। অঙ্গীকারনামা/চুক্তিপত্রে নমিনিরও স্বাক্ষর থাকতে হবে। এই ঋণের জন্য আবেদন করলে তাকে অবশ্যই ঋণ গ্রহণ করতে হবে।

স্বাক্ষর/-রহিমা কানিজ
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

স্মারক সংখ্যা : রেজি/সাঃপ্রঃ/১৩৪(১৫০) — তারিখ : ২৮-০৭-২০২০

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. প্রো-উপাচার্য (প্রশাসন), জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
২. প্রো-উপাচার্য (শিক্ষা), জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
৩. কোষাধ্যক্ষ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
৪. সকল ডিন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
৫. রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
৬. পরিচালক, শিক্ষার্থী কল্যাণ ও পরামর্শদান কেন্দ্র, জাবি, সাভার, ঢাকা।
৭. সকল প্রভোস্ট, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
৮. প্রক্টর, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
৯. সকল বিভাগীয় সভাপতি/পরিচালক/অফিস প্রধান/পরিচালক/ভারপ্রাপ্ত শিক্ষক, জাবি, সাভার, ঢাকা।
১০. সভাপতি/সম্পাদক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, জাবি।
১১. সকল ডেপুটি রেজিস্ট্রার, রেজিস্ট্রার অফিস, জাবি, সাভার, ঢাকা [ডেপুটি রেজিস্ট্রার (কাউন্সিল) বিষয়টি সিন্ডিকেটে রিপোর্ট করবেন]।
১২. অধ্যক্ষ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় স্কুল ও কলেজ, সাভার, ঢাকা
১৩. উপাচার্যের সচিব (ডেপুটি রেজিস্ট্রার), উপাচার্য অফিস, জাবি, সাভার, ঢাকা।
১৪. প্রধান নিরাপত্তা কর্মকর্তা, রেজিস্ট্রার অফিস, জাবি, সাভার, ঢাকা।
১৫. সভাপতি/সাধারণ সম্পাদক, অফিসার সমিতি, জাবি, সাভার, ঢাকা।
১৬. সভাপতি/সাধারণ সম্পাদক, কর্মচারী সমিতি/কর্মচারী ইউনিয়ন, জাবি, সাভার, ঢাকা।
১৭. সহকারী মহাব্যবস্থাপক, অগ্রণী ব্যাংক লিঃ, জাবি. শাখা, সাভার, ঢাকা।

২৮.৭.২০২০
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

*C:\Users\Abu Taleb\Desktop\New folder (3)\BL_Notice2020.docx 1*